

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২। কাজের ধাপ ও গুপের তালিকা।
- ৩। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
- ৪। মাস ক্রিনিং কাজের কমিটি কর্তৃক অনুমোদিত দরের কপি।
- ৫। ক্যালকুলেশন।
- ৬। প্রাক্কলন।

বিষয়ঃ Mass Cleaning of Sewer line & manhole at Dhanmondi road no-1,2,3,4,5,6,7,8,9,10 and Mirpur road (Dhanmondi road-2 to road-32) area under MODS Zone-3, Dhaka WASA. (Phase-01, Group no-4) অনুমোদন প্রসঙ্গে।

১। ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩, ঢাকা শহরের বিত্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে ধানমন্ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঝিগাতলা, রায়েরবাজার, কীটশুর, মনিপুরীপাড়া, ফার্মগেট, রাজাবাজার, তেজতুরীবাজার, সোবহানবাগ, গ্রীন রোড, কলাবাগান, কাঠীলবাগান, ফ্রি-স্কুল স্ট্রীট, সেন্ট্রাল রোড, এলিফ্যান্টরোড, নিউ মার্কেট এলাকাসহ অন্যান্য এলাকায় বিভিন্ন ব্যাসের প্রায় সর্বমোট ১২৮ কিঃমিঃ দীর্ঘ পয়ঃলাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। অত্র জোনের আওতাধীন পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে বিভিন্ন এলাকা হতে প্রায়ই সুয়ার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্মক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। অত্র জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস ক্রিনিং কাজ করা প্রয়োজন।

২। মডস জোন-৩ এর আওতাধীন সমগ্র এলাকাকে ২০ টি ভাগে/গুপে বিভক্ত করতঃ ৩ (তিন) ধাপে ক্রিনিং কাজ সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হয়েছে (সংযুক্ত ক্রঃ নং-২ দ্রঃ)। মাস ক্রিনিং কাজে লেবার নিয়োজিত করে বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন করা হবে। পরবর্তিতে ট্রাক ও ভ্যান গাড়ীর মাধ্যমে স্লাজ অপসারণ করা হবে। এখানে উল্লেখ্য যে, স্লাজ উত্তোলন কাজে বিভাগীয় ভাবে স্লাজ ডি-ওয়াটারিং পাম্প ব্যবহার করা হবে। বিষয়ভূক্ত স্লাজ উত্তোলন কাজটি ধাপ-০১ এর গুপ নং-০৪ এ অন্তর্ভুক্ত রয়েছে। আলোচ্য কাজের আওতাধীন ২০০ মিঃমিঃ ব্যাসের ৫.৮ কিলোমিটার এবং ৪৫০ মিঃমিঃ ব্যাসের ১.৪৫ কিঃমিঃ অর্থাৎ মোট ৭.২৫ কিঃমিঃ পয়ঃ লাইনে মাস ক্রিনিং এর কাজ করা হবে। ঢাকা ওয়াসার গঠনকৃত টাস্কফোর্স টীম-৩ কর্তৃক বর্ণিত মাস ক্রিনিং কাজটি মনিটরিং করা হবে।

৩। অত্র জোনের আওতাধীন ধানমন্ডি রোড নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ এবং মিরপুর রোড (ধানমন্ডি রোড-২ হতে রোড-৩২ পর্যন্ত) এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন কাজে প্রয়োজনীয় শ্রমিক নিয়োজিত করার জন্য অনুমোদিত দর (ক্রঃ নং-৪ দ্রঃ) অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৬ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটশি হাজার) টাকা মাত্র (সংযুক্ত ক্রঃ নং-৬ দ্রঃ)। কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮২(১) (Force Account) অনুসরণে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং B-7.2(9) (ক্রঃ নং-০১ দ্রঃ) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন ক্ষমতা “ব্যবস্থাপনা পরিচালক” মহোদয়ের আওতাধীন।



৪। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে, জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে এবং সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে Mass Cleaning of sewer line & manhole at Dhanmondi road no-1,2,3,4,5,6,7,8,9,10 and Mirpur road (Dhanmondi road-2 to road-32) area under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটটিশ হাজার) টাকার প্রাক্কলণটি অনুমোদন;
(Force Account)

খ) আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৮২(১) অনুযায়ী ফোর্স একাউন্ট অনুসারে বাস্তবায়নের অনুমোদন এবং;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ” (বাজেট কোড নং-01-04-002) খাত এর থেকে বরাদ্দ ক্রমিক নং B-7.2(9) হতে নির্বাহ করার অনুমোদন।

উপস্থাপিত প্রস্তাব সমূহ “ব্যবস্থাপনা পরিচালক” মহোদয়ের কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

Anshur
21/01/25

অনুপমা খসরু লিঙ্গা
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা

AE
21/01/25

মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা।

EF
21.1.25

জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩ ঢাকা ওয়াসা

20/02/25
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

26/02/2025
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMD (চঃ দাঃ)

৩/ অক্ট-৪ ২০ ০৭৩৭০০ অনুমোদন
(৫৩৭) (৫৬) ঢাকা।

29/1/2025

(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

26/02/2025

মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

17/12

EE, Zone-3

20/25
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

AE(M)
20/25